



চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

১১ জুলাই ২০১৭ খ্রি.

**চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর মালিকানাধীন ৬টি বাজার ৮ কোটি ১৯ লক্ষ ২৩
হাজার ৩ শত ৫৮ টাকায় ইজারা দেয়ার অনুমতি দিল গণপ্রজাতন্ত্রী
বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায়
মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগ**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মালিকানাধীন ৬ বাজার ইজারা প্রদানের জটিলতা নিরসন হয়েছে। সরকারের স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগ থেকে ১০ জুলাই ২০১৭ খ্রি. স্মারক নং ৪৬.০৪১.০৩০.০৯.০০.০০৯.২০১১-৩১৩ মূলে উপ সচিব মুহম্মদ ইকবাল হুসাইন স্বাক্ষরিত পত্রে স্থানীয় সরকার বিভাগ হতে ২০১১ সালের জারিকৃত সরকারি হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং এর থেকে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার ২.১০ নং অনুচ্ছেদ মোতাবেক এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২১-০৫-২০১৭ তারিখের সভার সিদ্ধান্তের আলোকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মালিকানাধীন ৬টি বাজার বাংলা ১৪২৪ সনের জন্য ইজারা প্রস্তাব নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হয়। কর্পোরেশনের মালিকানাধীন “সাগরিকা গরুর বাজার” ইজারাদার-আলহাঙ্গ সাইফুল হুদা জাহাঙ্গীরকে ৬ কোটি ২৫ লক্ষ টাকায়, “বিবির হাট গরুর বাজার” ইজারাদার-জনাব মো. জামশেদ খানকে ১ কোটি ৫২ লক্ষ ৭ শত ৮৬ টাকায়, “কর্ণেল হাট” এ রহমান এন্ড সন্সকে ১২ লক্ষ ১২ হাজার ৭শত ৮৬ টাকায়, “ফইল্যাতলী বাজার” মো. জসিম উদ্দিনকে ১১ লক্ষ ৫৫ হাজার ৭ শত ছিয়াশি টাকায়, “বকশির হাট” এস এম মারুফকে ১৪ লক্ষ ৫৩ হাজার টাকায় এবং “দেওয়ান হাট” মো. আবদুর রশিদ লোকমানকে ৪ লক্ষ ১ হাজার টাকায় ইজারা প্রদান এর অনুমোদন দিয়েছে। এর ফলে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ৮ কোটি ১৯ লক্ষ ২৩ হাজার ৩ শত ৫৮ টাকার রাজস্ব আয় হবে।

১১ জুলাই ২০১৭ খ্রি.

**চট্টগ্রাম সিটি কর্পোরেশনের শিক্ষা বিষয়ক পরিকল্পনা প্রণয়নে
চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের উর্ধ্বতন
কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত**

১১ জুলাই ২০১৭ খ্রি. মঙ্গলবার, বিকেলে নগরভবনের মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহে অনলাইন কার্যক্রম এবং শিক্ষা প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনা সংক্রান্ত বিষয়ে পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর মেয়র আ জ ম নাছির উদ্দীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চট্টগ্রাম এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর চট্টগ্রাম অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন। মতবিনিময় সভায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চট্টগ্রাম এর কলেজ পরিদর্শক প্রফেসর সুমন বড়ুয়া, স্কুল পরিদর্শক প্রফেসর নাজিমুল ইসলাম, শিক্ষা মন্ত্রণালয়ের ডাইরেক্টরেট অব সেকেন্ডারী এন্ড হায়ার এডুকেশন অফিসের মেট্রো লিংগাজো অফিসার এম মুস্তফা আলম সরকার, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর নাজমুল হক ডিউক, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন ও শিক্ষা কর্মকর্তা মো. সাইফুর রহমান সহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পরিকল্পনা প্রণয়ন সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের শিক্ষা ব্যবস্থাকে অটোমেশনের আওতায় আনা, বিষয় ভিত্তিক শিক্ষক যাচাই বাছাই করা, প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীর সংখ্যা নিরূপন, এমপিও ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষকদের পরিসংখ্যান নিরূপন, চসিক পরিচালিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিষয় ভিত্তিক শিক্ষক পরিসংখ্যান নিরূপন, শিক্ষকদের শূন্য পদের সংখ্যা, এমপিওভুক্ত কর্মচারীর সংখ্যা নিরূপন সহ নানা বিষয়ে দিক নির্দেশনা দেন এবং আগামী ৩ দিনের মধ্যে ডাটাবেজ তৈরী করে মেয়র বরাবরে জমা দেয়ার জন্য চসিক শিক্ষা বিভাগের প্রধান সহ অন্যদের নির্দেশনা দেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা